

**AKASHVANI(AIR)
RNU:KOLKATA
BengaliText Bulletin**

Date 20-12-2025

Time: 7.35 A.M.

বিশেষ বিশেষ খবর -

- ১) প্রবীণ বিজেপি নেতা ও প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ এ রাজ্যে আসছেন। নদীয়ার রানাঘাট-তাহেরপুরে তিন হাজার ২০০ কোটি ব্যয়ে দুটি জাতীয় সড়ক প্রকল্পের উদ্বোধন এবং শিলান্যাসের পাশাপাশি পরিবর্তন সংকল্প যাত্রাতেও বক্তব্য রাখবেন তিনি।
- ২) স্বচ্ছ ভারত মিশন প্রকল্পে রাজ্যে আরও ২৩০ কোটি টাকা খরচ হতে চলেছে। এর মধ্যে ১৩৮ কোটি টাকা কেন্দ্রীয় বরাদ্দ।
- ৩) বেটিং অ্যাপ সংক্রান্ত মামলায় ইডি মিমি চক্রবর্তী, অক্ষুশ হাজরা, যুবরাজ সিং সহ সাত জনের ৭ কোটি ৯৩ লক্ষ টাকা মূল্যের সম্পত্তি বাজেয়াপ্ত করেছে।
- ৪) যুবভারতী ক্রীড়াঙ্গনে মেসির অনুষ্ঠানে বিশৃঙ্খলা ও ভাঙ্গুরের ঘটনায় রাজ্য সরকার গঠিত মূল কমিটি ১৫ দিনের মধ্যে মুখ্যমন্ত্রীর কাছে তাদের দ্বিতীয় রিপোর্ট পেশ করবে।
- ৫) হাসনাবাদে বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারির মিছিল ও রাজনৈতিক সভার অনুমতি নিয়ে পুলিশের ভূমিকায় ক্ষুঁক কলকাতা হাইকোর্ট, এ থানার সাব ইন্সপেক্টরকে তলব করেছে।
- ৬) ৫৪ তম জাতীয় হ্যান্ডবল প্রতিযোগিতার ফাইনালে বাংলা আজ চন্দীগড়ের মুখোমুখি হবে।

প্রবীণ বিজেপি নেতা ও প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ এ রাজ্যে আসছেন। নদীয়ার রানাঘাট-তাহেরপুরে তিন হাজার ২০০ কোটি ব্যয়ে দুটি জাতীয় সড়ক প্রকল্পের উদ্বোধন এবং শিলান্যাস করবেন তিনি। এরপর ‘পরিবর্তন সংকল্প সভা’য় বক্তব্য রাখবেন তিনি। নতুন দিল্লিতে গতকাল এক সাংবাদিক বৈঠকে দলের রাজ্য সভাপতি শমীক ভট্টাচার্য জানিয়েছেন, এই সভা থেকেই রাজ্যে রাজনৈতিক পরিবর্তনের সূচনা হবে। তিনি আরও বলেন, বাংলার হত গৌরব পুনরুদ্ধার, শিল্পায়ন, কর্মসংস্থান, শিক্ষা ব্যবস্থার সংস্কার এবং গণতন্ত্র পুনঃপ্রতিষ্ঠার লড়াই আজ থেকেই শুরু হবে।

পরে শমীক বাবু তাহেরপুরে পরিবর্তন সংকল্প যাত্রার সভাস্থল পরিদর্শন করেন। সাংবাদিকদের প্রশ্নের উত্তরে তিনি বলেন, প্রধানমন্ত্রী প্রতিটি রাজ্যের আর্থসামাজিক উন্নয়নের গতি বাড়াতে নিরন্তর চেষ্টা চালিয়ে যান। উন্নয়নের ক্ষেত্রে কোন বিমাত্সুলভ আচরণ করা হয় না এটা বিজেপির রাজনৈতিক সংস্কৃতির বাইরে বলেও উল্লেখ করেন দলের রাজ্য সভাপতি।

এদিকে তাহেরপুরে আজ প্রধানমন্ত্রির সভায় স্বনামধন্য বহু ব্যক্তিত্বকে আমন্ত্রণ জানানো হয়েছে বলে রানাঘাটের সাংসদ জগন্নাথ সরকার জানিয়েছেন। তিনি বলেন যে প্রথিতযশা যে সব মানুষ, এতদিন রাজনীতির আঙ্গিনায় ছিলেন না তাঁরাও এই সভায় যোগ দেবেন। সমাজের সর্বস্তরের বিশিষ্টজনদের উপস্থিতি এই সভাকে আরো তাৎপর্যপূর্ণ করে তুলবে বলে জগন্নাথ বাবু মন্তব্য করেন।

আমাদের জেলা সংবাদদাতা অনুপম মোদক জানাচ্ছেন, প্রধানমন্ত্রী প্রায় ৩,২০০ কোটি টাকা মূল্যের যে দুটি জাতীয় মহাসড়ক প্রকল্পের উদ্বোধন ও ভিত্তিপ্রস্তর স্থাপন করবেন, এর মধ্যে আছে নদীয়া জেলার উপর দিয়ে যাওয়া ৩৪ নম্বর জাতীয় সড়কের বরজাগুলি-কৃষ্ণনগর অংশের ৬৬ দশমিক ৭ কিলোমিটার দীর্ঘ চার লেনের রাস্তার উদ্বোধন। পাশাপাশি তিনি উত্তর ২৪ পরগনা ও নদীয়া জেলার উপর দিয়ে যাওয়া -

৩৪নম্বর জাতীয় সড়কের বারাসাত-বরজাগুলি অংশের ১৭ দশমিক ৬ কিলোমিটার দীর্ঘ চার লেনের রাস্তার ভিত্তিপ্রস্তর স্থাপন করবেন। এই দুটি প্রকল্প বাস্তবায়িত হলে কলকাতা ও শিলিগুড়ির মধ্যে যাতায়াতের সময় আরও দুঃস্থ করে যাবে, যোগাযোগ ও আরও উন্নত হবে। নিরবচ্ছিন্ন যান চলাচলের পাশাপাশি দ্রুত ও মসৃণ পরিবহণ ব্যবস্থা নিশ্চিত হবে।

এছাড়াও এই সড়ক প্রকল্পগুলি কলকাতা ও পশ্চিমবঙ্গের সঙ্গে অন্যান্য প্রতিবেশী রাজ্যের যোগাযোগ যেমন উন্নত করবে, তেমনই প্রতিবেশী দেশগুলির সঙ্গেও সংযোগ ও আরও শক্তিশালী হবে। বিশেষজ্ঞদের মতে, এই উন্নত পরিকাঠামো, অঞ্চলের আর্থিক বিকাশের পাশাপাশি পর্যটন শিল্পের বিকাশে নতুন দিশা দেখাবে। সব মিলিয়ে প্রধানমন্ত্রীর এই সফর নদীয়া সহ গোটা রাজ্যের উন্নয়নেই এক গুরুত্বপূর্ণ ভূমিকা নেবে বলে আশা করা হচ্ছে।

প্রধানমন্ত্রীর সভার প্রেক্ষিতে অতিরিক্ত যাত্রীভিড় সামাল দিতে পূর্ব রেলের শিয়ালদা ডিভিশনের কল্যাণী-লালগোলা শাখায় আজ অতিরিক্ত ট্রেন চালানোর সিদ্ধান্ত নেওয়া হয়েছে। সেই অনুসারে লালগোলা- রানাঘাট EMU স্পেশাল সকাল সাড়ে ছাঁটায় লালগোলা থেকে ছেড়েছে। সকাল ৯ টা ২৫ মিনিটে সেটি রানাঘাট পৌঁছাবে। এছাড়াও কল্যাণী ও কৃষ্ণনগরের মধ্যে দুটি EMU স্পেশাল সকাল ৭ টা ৪০ মিনিট ও ৮ টা ৪ মিনিটে কল্যাণী থেকে ছেড়ে সকাল ৮ টা ৩৬ মিনিট ও ৯ টায় কৃষ্ণনগর পৌঁছাবে।

এদিকে, কয়েকটি মেল/এক্সপ্রেস ট্রেন আজ অতিরিক্ত স্টপেজ দেবে। পাশাপাশি, দুপুর ১২ টা থেকে সন্ধ্যা ৬ টা পর্যন্ত রানাঘাট ও লালগোলার মধ্যে

যাতায়াতকারী সমস্ত EMU ও মেমু লোকাল ট্রেন রানাঘাট ও লালগোলার মধ্যে সরকাটি স্টেশনে থামবে বলে রেল সূত্রে জানা গেছে।

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ১০০ দিনের কাজ প্রকল্পে বড়সড় পরিবর্তন এনেছেন। এর পরিবর্তে আনা বিকশিত ভারত জিরাম বিল ২০২৫-এ ওই কাজের দিন সংখ্যা বাড়িয়ে ১২৫ করা হয়েছে। প্রকল্পের আওতায় উপভোক্তারা তাদের প্রাপ্য অর্থ সরাসরি বায়োমেট্রিক পদ্ধতির মাধ্যমে পাবেন। রানাঘাটের সংসদ জগন্নাথ সরকার এই সিদ্ধান্তে খুশি ব্যক্ত করে বলেন গ্রামীন এলাকার শ্রমিকরা আরো বেশি উপকৃত হবেন কাজের স্বচ্ছতা ও আর্থিক নিরাপত্তা বৃদ্ধি ও পাবে।

বাইট

স্বচ্ছ ভারত মিশন প্রকল্পে রাজ্যে আরও ২৩০ কোটি টাকা খরচ হতে চলেছে। এর মধ্যে ১৩৮ কোটি টাকা পাওয়া গেছে কেন্দ্রীয় বরাদ্দ হিসাবে। বাকি ৯২ কোটি টাকা রাজ্যের কোষাগার থেকে খরচ করা হবে। এই প্রকল্পের দায়িত্বে থাকা পঞ্চায়েত দণ্ডর সূত্রে জানা গেছে, প্রকল্পে সাফল্যের সুবাদেই চলতি অর্থবর্ষে এই নিয়ে চতুর্থ বার টাকা পাচ্ছে রাজ্য। চলতি অর্থবর্ষেই এই খাতে খরচের জন্য ধার্য হয়েছে ১২৪ কোটি টাকা। রাজ্যের এবারের ২৩০ কোটি টাকার ৭৫ শতাংশ, নির্ধারিত সময়ের মধ্যে খরচ করতে পারলে চলতি অর্থবর্ষেই আরও ২৩২ কোটি টাকা পাওয়ার সম্ভবনা থাকছে।

এনফোর্সমেন্ট নির্দেশালয় ইডি, বেটিং অ্যাপ সংক্রান্ত মামলায় অভিনেত্রী, সাংসদ মিমি চক্রবর্তী, অভিনেতা অঙ্কুশ হাজরা ক্রিকেটার যুবরাজ সিং, রবীন উথাপা সহ ৭ জনের ৭ কোটি ৯৩ লক্ষ টাকা মূল্যের সম্পত্তি বাজেয়াপ্ত করেছে। বাকিদের মধ্যে আছেন অভিনেতা সোনু সুদ, উর্বশী রড়তেলা, ও নেহা শর্মা। একাধিক এফআইআরের ভিত্তিতে তদন্ত করে ইডি এই পদক্ষেপ নিয়েছে।

ইডি জানিয়েছে, বেআইনি অনলাইন অ্যাপের মাধ্যমে বেটিং-এর প্রচার ও প্রসারের জন্য তাঁরা গোটা দেশজুড়ে বিজ্ঞাপন করেছিল। এই অনলাইন অ্যাপ ও সংশ্লিষ্ট সংস্থাগুলি উপযুক্ত কর্তৃপক্ষের কাছে কোনও বৈধ অনুমোদন নেয়নি।

উল্লেখ্য, গত ৬ অক্টোবর একই কারণে ইডি ক্রিকেটার শিখর ধাওয়ান ও সুরেশ রায়নার ১১ কোটি টাকারও বেশি মূল্যের সম্পত্তি বাজেয়াপ্ত করে।

সল্টলেকের যুবভারতী ক্রীড়াঙ্গনে লিওনেল মেসির অনুষ্ঠানে বিশৃঙ্খলা ও ভাঙ্গচুরের ঘটনায় রাজ্য সরকারের গঠিত মূল কমিটি ১৫ দিনের মধ্যে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জীর কাছে তাদের দ্বিতীয় রিপোর্ট পেশ করবে। একটি প্রতিবেদন –

ভয়েসকাস্ট

এদিকে রাজ্যের পূর্ত দফতর, সল্টলেক স্টেডিয়ামে ক্ষয়ক্ষতির পরিমাণ খতিয়ে দেখছে। কাঠামোগত ক্ষতি কতটা হয়েছে, তার বিস্তারিত মূল্যায়ন চলেছে। সিটের তরফে অনুমতি মিললে তবেই স্টেডিয়ামের পুনর্নির্মাণের কাজ শুরু হবে বলে নবান্ন সূত্রে জানানো হয়েছে।

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ২৮ শে ডিসেম্বর (রবিবার) আকাশবাণীতে "মন-কি-বাত" অনুষ্ঠানে তাঁর চিন্তাভাবনা দেশ-বিদেশের মানুষের সঙ্গে ভাগ করে নেবেন। এটি হবে মাসিক এই বেতার অনুষ্ঠানের ১২৯-তম পর্ব। বেলা ১১-টা থেকে আকাশবাণী এবং দূরদর্শনের সরকাটি চ্যানেল এবং আকাশবাণীর নিউজ অন এ.আই.আর. ওয়েবসাইট, মোবাইল অ্যাপ, প্রধানমন্ত্রীর দফতর, তথ্য ও সম্প্রচারমন্ত্রকের ওয়েবসাইট ও ইউটিউব চ্যানেলেও "মন-কি-বাত" সম্প্রচারিত হবে। হিন্দিতে এই অনুষ্ঠান সম্প্রচারিত হবার পরেই আংগুলিক ভাষায় এর তর্জমা শোনা যাবে। নিঃশুল্ক নম্বর ১৮০০-১১-৭৮০০ নম্বরে ম্যাসেজ করে কিংবা মাই গভ বা নমো অ্যাপে মতামত জানানো যাবে।

উত্তর ২৪ পরগণার হাসনাবাদে বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারীর মিছিল ও রাজনৈতিক সভার অনুমতিকে কেন্দ্র করে পুলিশের ভূমিকায় ক্ষেভ প্রকাশ করেছে কলকাতা হাইকোর্ট। আদালতের নির্দেশ পালন না করায় হাসনাবাদ থানার সাব ইনসপেক্টর প্রতিবিন্দু দাসকে জিজ্ঞাসাবাদের জন্য হাসনাবাদ থানায় তলব করা হয়েছে। বিচারপতি কৃষ্ণ রাও আদালতের নির্দেশ ইচ্ছাকৃত লজ্জনের অভিযোগে তাকে ২২ ডিসেম্বর বেলা ২ টোয় হাজিরা দিতে বলেছেন।

কলকাতা হাইকোর্ট, রাজ্যের অস্থায়ী ডিজাস্টার ম্যানেজমেন্ট কর্মীদের স্থায়ী চাকরি, স্বাস্থ্য বিমা সহ একাধিক দাবিতে ২২ শে ডিসেম্বর হাওড়ার মন্দিরতলা বাসস্ট্যান্ড এর কাছে ধর্নার অনুমতি দিয়েছে। বিচারপতি শুভ্রা ঘোষ বলেছেন, ৫ দিন অর্থাৎ ২২ শে ডিসেম্বর সকাল ১০ টা থেকে ২৬ শে ডিসেম্বর সন্ধ্যা ৬ টা পর্যন্ত এই

ধর্ম করা যাবে। তবে প্রতিদিন ২০০ জনের বেশী এতে অংশগ্রহণ করতে পারবেন না। পাশাপাশি আরও একাধিক শর্ত আরোপ করা হয়েছে।

কলকাতায় আজ বহু কষ্টে সংবিধান পাঠের আয়োজন করেছে প্রদেশ কংগ্রেস। কলকাতায় প্রদেশ কংগ্রেস কার্যালয় বিধান ভবনে গতকাল প্রদেশ কংগ্রেস সভাপতি শুভক্ষেত্র সরকার ও AICC র সাধারণ সম্পাদক ও পশ্চিমবঙ্গে দলের ভারপ্রাপ্ত পর্যবেক্ষক গোলাম আহমেদ মীর, এক যৌথ সাংবাদিক বৈঠকে এ কথা জানান। ধর্মতলার রানী রাসমনি রোডে বেলা ২ টোয় সকলকে সংবিধান পাঠে সামিল হওয়ার আবেদন জানিয়েছেন শুভক্ষেত্র বাবু। তিনি বলেন, সংবিধান মানুষের মৌলিক অধিকার প্রতিষ্ঠা করেছে। বহুত্বাদের মধ্য দিয়ে তৈরি হয়েছে সংবিধান। কেন্দ্রের সরকার সেই সংবিধানকে বদল করতে চাইছে বলেও তিনি মন্তব্য করেন।

বাতাসের নিম্নস্তরে জলীয় বাস্পের পরিমাণ বেশি থাকার কারণে আজ এবং আগামীকাল দক্ষিণবঙ্গের জেলাগুলিতে মাঝারি থেকে ঘন কুয়াশা সম্ভাবনা রয়েছে।

আজ পূর্ব পশ্চিম বর্ধমান বাঁকুড়া পুরুলিয়া জেলায় বিক্ষিপ্তভাবে সকালের দিকে ঘন কুয়াশা থাকবে। উত্তরবঙ্গের জেলাগুলিতেও হালকা কুয়াশা সম্ভাবনা রয়েছে।

আলিপুরে আজ সকালে সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয় ১৬ দশমিক ২ ডিগ্রি সেলসিয়াস স্বাভাবিকের তুলনায় যা ১ দশমিক ১ ডিগ্রি বেশি।

আগামী কয়েকদিন তাপমাত্রা বিশেষ পরিবর্তন না হলেও আগামী সপ্তাহের মাঝামাঝি থেকেই তাপমাত্রা কিছুটা কমবে বলে আলিপুর আবহাওয়া দণ্ডের জানিয়েছে।

হুগলির চুঁচুড়ায় পশ্চিমবঙ্গ রাজ্য হ্যান্ডবল ফেডারেশন আয়োজিত পুরুষদের ৫৪ তম জাতীয় হ্যান্ডবল প্রতিযোগিতায় বাংলা ফাইনালে উঠেছে। সেমিফাইনালে তারা ছত্রিশগড়কে ৩৭-৩৬ গোলে হারিয়ে দিয়েছে। ফাইনালে আগামীকাল বাংলা আজ চগুগড়ের মুখোমুখি হবে। চুঁচুড়ার নেতাজি সুভাষ স্পোর্টস এরিনায় ফাইনাল শুরু হবে সকাল ১১ টায়।